# হিন্দু বিদ্যার্জিত লাভ আইন, ১৯৩০

**১৯৩০-এর ৩০ নং আইন**

[২৫শে জুলাই, ১৯৩০]

**হিন্দু অবিভক্ত পরিবারের কোন সদস্যের স্বীয় বিদ্যার দ্বারা অর্জিত সম্পত্তিতে অধিকার সম্পর্কে সন্দেহ দূরীকরণার্থ আইন।**

যেহেতু হিন্দু অবিভক্ত পরিবারের কোন সদস্যের তদীয় বিদ্যার দ্বারা অর্জিত সম্পত্তিতে অধিকার সম্পর্কে সন্দেহ দূরীকরণ করা এবং একরূপ নিয়মের ব্যবস্থা করা সংগত ;

অতএব এতদ্দ্বারা নিম্নরূপে বিধিবদ্ধ হইল ঃ—

**সংক্ষিপ্ত নাম ও প্রসার।**

১। (১) এই আইন হিন্দু বিদ্যার্জিত লাভ আইন, ১৯৩০ নামে অভিহিত হইতে পারিবে।

(২) ইহা [১] [জম্মু ও কাশ্মীর রাজ্য ব্যতীত] সমগ্র ভারতে প্রসারিত হইবে।

**সংজ্ঞার্থ।**

২। বিষয়ে অথবা প্রসঙ্গে বিরুদ্ধার্থক কোন কিছু না থাকিলে, এই আইনে,—

(ক) "অর্জনকারী" বলিতে হিন্দু অবিভক্ত পরিবারের এরূপ কোন সদস্যকে বুঝাইবে যিনি বিদ্যার্জিত লাভসমূহ অর্জন করিয়াছেন;

(খ) "বিদ্যার্জিত লাভ" বলিতে এরূপ সকল সম্পত্তি অর্জন বুঝাইবে যাহা সারতঃ বিদ্যার দ্বারা কৃত হইয়াছে, ঐরূপ অর্জনসমূহ এই আইনের প্রারম্ভের পূর্বে বা পরে যখনই কৃত হউক, এবং ঐরূপ অর্জনসমূহ ঐ বিদ্যার সাধারণ ফলই হউক বা অসাধারণ ফলই হউক; এবং

(গ) "বিদ্যা" বলিতে বুঝাইবে শিক্ষা, তাহা প্রাথমিকই হউক অথবা প্রায়োগিক, বৈজ্ঞানিক, বিশেষ বা সাধারণই হউক, এবং প্রত্যেক প্রকারের প্রশিক্ষণ, যাহা কোন ব্যক্তিকে জীবনে কোন ব্যবসায়, শিল্প, বৃত্তি বা পেশা অবলম্বনে সমর্থ করিতে সাধারণতঃ অভিপ্রেত।

**বিদ্যার্জিত লাভ কেবল কতকগুলি কারণের জন্য অর্জনকারীর পৃথক সম্পত্তি নহে বলিয়া ধরা হইবে না।**

৩। হিন্দু বিধির কোনও রীতি, নিয়ম বা ব্যাখ্যান সত্ত্বেও, কোন বিদ্যার্জিত লাভ কেবল এই কারণে অর্জনকারীর একাধিকৃত ও পৃথক সম্পত্তি নহে বলিয়া ধরা হইবে না যে—

(ক) তাঁহার বিদ্যা সমগ্রতঃ বা অংশতঃ তাঁহার পরিবারের কোন জীবিত বা মৃত সদস্য দ্বারা, অথবা তাঁহার পরিবারের যৌথ তহবিলের সাহায্যে, অথবা ঐ পরিবারের কোন সদস্যের তহবিলের সাহায্যে, তাঁহাকে প্রদত্ত হইয়াছিল, অথবা

(খ) তিনি যখন তাঁহার বিদ্যা অর্জন করিতেছিলেন তখন তিনি নিজে বা তাঁহার পরিবার সমগ্রতঃ বা অংশতঃ তাঁহার পরিবারের যৌথ তহবিলের দ্বারা অথবা ঐ পরিবারের কোন সদস্যের তহবিলের দ্বারা পরিপোষিত বা পালিত হইয়াছিলেন।

**ব্যাবৃত্তি।**

৪। এই আইন কোন প্রকারে—

(ক) এই আইনের প্রারম্ভের পূর্বে কৃত বা নিষ্পাদিত কোনও সম্পত্তির হস্তান্তরণের শর্তাবলী বা আনুষঙ্গিক বিষয়গুলিকে,

---

১ ১৯৫৯-এর ৪৮ আইন, ৩ ধারা ও তফসিল ১ দ্বারা কতিপয় শব্দের স্থলে **(১-২-১৯৬০ হইতে)** প্রতিস্থাপিত।

(খ) এই আইনের প্রারম্ভের পূর্বে কোন কিছু অবসহন করা হইয়া থাকিলে বা কোন কিছু কৃত হইয়া থাকিলে, তাহার সিদ্ধতা, অসিদ্ধতা, কার্যকারিতা বা পরিণামকে,

(গ) এই আইনের প্রারম্ভের পূর্বে কৃত, কোন যৌথ পরিবারের সম্পত্তির কোন বাটোয়ারা অনুযায়ী সৃষ্ট কোন অধিকার বা দায়িতাকে বা বাটোয়ারার জন্য কোন চুক্তিকে, অথবা

(ঘ) ঐরূপ অধিকার বা দায়িতা সম্পর্কে কোন প্রতিকার বা কার্যবাহকে;

প্রভাবিত করে বলিয়া গণ্য হইবে না; অথবা এই আইনের প্রারম্ভে কোন আদালতে বিচারাধীন কার্যবাহে ঐরূপ প্রারম্ভের পূর্বে কৃত কোন কিছুকে এই আইন অসিদ্ধ করে বা কোন প্রকারে প্রভাবিত করে বলিয়া গণ্য হইবে না; এবং এখানে যেরূপ উল্লিখিত হইয়াছে সেরূপ কোন প্রতিকার ও সেরূপ কোন কার্যবাহ এরূপভাবে বলবৎ করা বা, স্থলবিশেষে, দায়ের করা বা চালান যাইবে, যেন এই আইন প্রণীত হয় নাই।